ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৩১ ● কলকাতা ● ০৭ ভাদ্র, ১৪৩১ ● শনিবার ● ২৪ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



দিনে চার-পাঁচ ঘণ্টার বেশি ঘুমাননা শাহরুখ!

পৃঃ ৫



অপূর্ণতা পূরণে ছুটিতে কামিন্স

পৃঃ ৬

# মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুন: অভিযুক্তের হয়ে আদালতে সওয়াল করছেন কবিতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কর-কাণ্ডের মূল অভিযুক্তকে বিচার পাইয়ে দেওয়ার দায়িত্ব কাঁধে নিয়েছেন এক মহিলাই। নাম কবিতা সরকার। তিনি আরজি কর-কাণ্ডের মূল অভিযুক্তের আইনজীবী। ইতিমধ্যে অভিযুক্তের জামিন চেয়ে আদালতের কাছে আবেদনও করেছেন কবিতা। আরজি করের ঘটনার পর প্রতিবাদে রাজ্য জুড়ে পথে নেমেছিলেন মহিলারা। রাত দখলের ডাক দিয়েছিলেন। সর্বত্র এই ঘটনায় অপরাধীর বিরুদ্ধে ঘৃণাও উগরে দিয়েছেন তাঁরা। তাই কবিতাকে একটি ব্যক্তিগত প্রশ্ন করেছিল আনন্দবাজার অনলাইন। তাঁর কাছে জানতে চাওয়া হয়েছিল, লিগাল এডের সদস্য না হলেও কি কবিতা আরজি কর-কাণ্ডের অভিযুক্তের হয়ে লড়তেন? জবাবে একটুও না ভেবে কবিতা বলেছেন, "না। তা হলে লড়তাম না।"আরজি করের মহিলা চিকিৎসককে ধর্ষণ এবং খুনের ঘটনায় এক

এরপর ৩ পাতায়

# ২৭ অগস্টের নবান্ন অভিযানে হস্তক্ষেপ করল না কলকাতা হাই কোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২৭ অগস্টের নবান্ন অভিযানে হস্তক্ষেপ করল না কলকাতা হাই কোর্ট। ওই কর্মসূচি বাতিলের আবেদন জানিয়েছে হাই কোর্টে মামলা করা হয়েছিল। আবেদন খারিজ হয়ে গিয়েছে উচ্চ আদালতে। ফলে নবান্ন অভিযানে আপাতত আর বাধা রইল না। আদালত জানিয়েছে, এই ধরনের মিটিং-মিছিল নিয়ে যে নির্দেশিকা রয়েছে, তা নিয়ে একটি হলফনামা দিতে হবে রাজ্যকে।উল্লেখ্য, বৃহস্পতিবার সুপ্রিম কোর্টে আরজি কর মামলার শুনানিতে নবান্ন অভিযানের প্রসঙ্গ তুলেছিলেন রাজ্যের আইনজীবী কপিল সিব্বল। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় জানান, আইন নিজের পথে চলবে। কিন্তু শান্তিপূর্ণ প্রতিবাদ কর্মসূচিতে কোনও ভাবেই বাধা দেওয়া যাবে না। যাঁরা প্রতিবাদ করবেন তাঁদের বিরুদ্ধে পদক্ষেপ করতে পারবে না পুলিশ।চার সপ্তাহ পরে এই মামলার আবার শুনানির সম্ভাবনা।

আগামী ২৭ অগস্ট, মঙ্গলবার একটি সংগঠনের তরফে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে। আরজি কর হাসপাতালের ঘটনার প্রতিবাদে ওই কর্মসূচির আয়োজন করা হচ্ছে। তা আটকাতে বৃহস্পতিবারই আদালতের দ্বারস্থ হয়েছিল রাজ্য। শুক্রবার নতুন করে হাই কোর্টের বিচারপতি হরিশ টন্ডন এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে জনস্বার্থ মামলা করা হয়।

এরপর ৩ পাতায়

# বিজেপির থানা ঘেরাও কর্মসূচিতে শুভেন্দু, ব্যারিকেডে বাধা পেতেই অশান্তি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তিলোত্তমার জন্য বিচারের দাবিতে পথে নামল বিজেপি। শুক্রবার দিনভর রাজ্যের বিভিন্ন থানার সামনে কর্মসূচি ছিল পদ্মশিবিরের। উত্তর ২৪ পরগনার ঘোলা থানার সামনে কর্মসূচি ছিল তাদের। প্রতিবাদ মিছিলে নেতৃত্ব দেন শুভেন্দু অধিকারী। ছিলেন অর্জুন সিং, কৌস্তভ বাগচীরা। থানার সামনে যান তাঁরা।বৃহস্পতিবার সল্টলেক স্বাস্থ্যভবন ঘেরাওয়ের ডাক দিয়েছিল বিজেপি। সুকান্ত মজুমদার, শুভেন্দু অধিকারী, দিলীপ ঘোষের মতো বিজেপির প্রথম সারির নেতারা যেমন তাতে পা মেলান। ছিলেন হাজার হাজার বিজেপি কর্মী সমর্থকও। এই কর্মসূচি ঘিরে উত্তেজনা ছড়ায়। আটক করা হয় শুভেন্দু অধিকারী-সহ একাধিক বিজেপি নেতাকে। সেই কর্মসূচি থেকেই বিজেপি জানিয়েছিল, শুক্রবার রাজ্যজুড়ে থানা ঘেরাও অভিযান হবে। সেইমতোই বিভিন্ন জেলায় এদিন থানা ঘেরাও কর্মসূচির ডাক দেয় বিজেপি।পুলিশ মিছিল আটকালে ধস্তাধস্তি লেগে যায় বিজেপি কর্মীদের সঙ্গে।

অর্জুন সিং বলেন, এটাও বড় ধরনের একটা স্ক্যাম। ধীরে ধীরে সবটা সামনে আসবে। ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং বলেন, "কোটি কোটি টাকার দুর্নীতি এটা। কপিল সিব্বলের মতো আইনজীবী রয়েছেন। তারপর আরও ২০ জন নামানো হয়েছে। এরা আমাদের করের টাকা দিয়ে আমাদের মারছে। নিজেদের লোককে বাঁচাতে চাইছে।"

শুভেন্দু অধিকারী এদিন বলেন, তাঁরা সবসময় নিহত ডাক্তারি পড়ুয়ার পরিবারের সঙ্গে আছেন। রাজনীতির বাইরে থেকেই পাশে থাকবেন। তিনি বলেন, এর শেষ দেখতে হবে। চক্রান্ত করেছে যারা, তাদেরও জেলে পাঠাতে হবে। আর একটাও আরজি কর যেন না হয়, বলেন শুভেন্দু।

# বন্যা নিয়ে যা প্রচার হচ্ছে, তা দুঃখজনক', বললেন মহম্মদ ইউনূস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বন্যা নিয়ে সামাজিক মাধ্যমে যে প্রচার চলছে, তা দুঃখজনক', বললেন বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের প্রধান, নোবেলজয়ী অর্থনীতিবিদ মহম্মদ ইউনূস। তাঁর সঙ্গে দেখা করলেন ভারতের হাইকমিশনার প্রণব বর্মা। ঢাকার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় তাঁদের সাক্ষাত হয় বলে খবর।এর আগে, ভারতের বিদেশমন্ত্রকের তরফে জানানো হয়, গুমতি নদী থেকে জল ছাড়ার জন্য বাংলাদেশের এই বন্যা হয়নি। এর অর্থ, ভারত এজন্য কোনও ভাবেই দায়ী নয়। তাহলে? জানা গিয়েছে, , বাংলাদেশের পূর্ব সীমান্ত অঞ্চলের এই বৃষ্টির জন্য ত্রিপুরার গুমতি নদীর ক্যাচমেন্ট-অঞ্চলকেই দায়ী করা হয়েছে। গুমতি নদী ভারত ও বাংলাদেশের মধ্যে দিয়ে বয়। এই নদীর বিস্তৃত ক্যাচমেন্ট অঞ্চলে কয়েকদিন

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দ্বীপ প্রসাদ

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য
ফোনে কথা বলে নেবেন
নিয়ম ও কারণ জানার জন্য।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

**আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।**

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।**

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা।এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ**

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

# নবান্ন অভিযান নিয়ে রাজ্য সরকার গেল হাইকোর্টে



**কলকাতা: নিউজ সারাদিন :** আগামী ২৭ অগস্ট নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে। আরজি করের ঘটনার প্রতিবাদ জানাতে 'পশ্চিমবঙ্গের ছাত্র সমাজ'-এর নামে এই অভিযান হবে বলে জানা গিয়েছে। অভিযানে অংশ নেবেন বলে জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেই মিছিল নিয়ে এবার মামলা হল কলকাতা হাইকোর্টে। বৃহস্পতিবার মামলা করার অনুমতি দেওয়া হয়েছে।হাইকোর্টে যে আবেদন করা হয়েছে, তাতে রাজ্যের দাবি, পুলিশের অনুমতি না নিয়ে সোশ্যাল মিডিয়ায় প্রতিবাদের ডাক দেওয়া হয়েছে। আগামী ২৭ অগস্ট যে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে, সে বিষয়ে পুলিশের কাছে কোনও অনুমতি নেওয়া হয়নি বলে দাবি রাজ্যের। তাই আদালত থেকে নির্দেশ প্রয়োজন বলে দাবি করা হয়েছে। মামলা দায়ের করার অনুমতি দেওয়া হয়েছে।

এদিকে, রাজ্য জুড়ে দফায় দফায় যে প্রতিবাদ মিছিল হচ্ছে, সেই প্রসঙ্গ এদিন উল্লেখ করা হয়েছে সুপ্রিম কোর্টেও। রাজ্যের তরফে আইনজীবী কপিল সিবল দাবি করেন, কোন রুটে কখন মিছিল হবে, তা জানাতে হবে। এসওপি তৈরি করে দেওয়া হোক। সুপ্রিম কোর্ট কোনও এসওপি তৈরি করেনি। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় বার্তা দিয়েছেন, শান্তিপূর্ণ মিছিলে কোনও হস্তক্ষেপ করতে পারবে না রাজ্য।

# মহিলা সুরক্ষা এবং নিরাপত্তা দিতে
# মহিলা উইনার্স টিম পরিদর্শনে



**অভিজিৎ হাজরা, আমতা, হাওড়া : নিউজ সারাদিন :** সম্প্রতি আর জি কর (রাধাগোবিন্দ কর) মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ছাত্রী তিলোত্তমা কে ধর্ষণ করে খুনের ঘটনায় রাজ্যব্যাপী সহ বিশ্ববাসী স্তম্ভিত। এই ঘটনায় রাজ্য সহ বিশ্ববাসী প্রতিবাদে উত্তাল। রাজনীতির ঊর্ধ্বে উঠে প্রতিবাদে রাজ্যবাসী সহ বিশ্ববাসী। চিকিৎসক ছাত্রী ধর্ষণ ও খুনের ঘটনায় অবিলম্বে সঠিক তদন্ত ও প্রকৃত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে চিকিৎসক, জুনিয়র চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী,নার্সিং হোমের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী,স্কুল -কলেজের ছাত্রী থেকে শুরু করে চলচ্চিত্রাভিনেতা- অভিনেত্রী, নাট্যশিল্পী, নৃত্য শিল্পী,বাচিক শিল্পী, খেলোয়াড় সহ বুদ্ধিজীবী থেকে সাধারণ মানুষ প্রতিবাদে পথে নেমেছে। প্রকৃত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে রাজ্য সহ বিশ্বের বিভিন্ন জায়গায় মোমবাতি মিছিল, মশাল মিছিল,মৌন মিছিল, অবস্থান বিক্ষোভ, অনশন, মহামিছিল, প্রতিবাদ, পদযাত্রা, মহিলাদের রাত দখল সংগঠিত হচ্ছে। আর,জি, কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ঘটনার পরিপ্রেক্ষিতে ব্লক ও মহকুমা স্তরে হাসপাতাল, স্কুল - কলেজ ও পথে মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা দেওয়ার জন্য গ্রামীণ হাওড়া জেলা পুলিশ সুপারের নির্দেশে গ্রামীণ হাওড়া জেলা পুলিশ মহিলা উইনার্স টিম আমতা থানার উদ্যোগে আমতা ১ নং ব্লকের বিভিন্ন স্থান পরিদর্শন করেন। মহিলা সুরক্ষা ও মহিলাদের নিরাপত্তা নিয়ে পথচলতি মানুষ, বিভিন্ন স্কুল - কলেজ, হাসপাতাল, পরিদর্শন করেন মহিলা উইনার্স টিম এর প্রতিনিধিরা । মহিলা উইনার্স টিম এর প্রতিনিধিরা আমতা গ্রামীণ হাসপাতাল, আমতা বালিকা বিদ্যালয়, আমতা রামসদয় মহাবিদ্যালয়, রসপুরে বি,এড মহাবিদ্যালয় পরিদর্শন করেন। মহিলা উইনার্স টিম এর প্রতিনিধি দলের মহিলারা আমতা গ্রামীণ হাসপাতালের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মীদের সঙ্গে কথা বলেন। পথচারী, পথচারী মহিলা, আমতা বালিকা বিদ্যালয়, আমতা রামসদয় মহাবিদ্যালয়, রসপুরের বি এড মহাবিদ্যালয়ের ছাত্রীদের সঙ্গে কথা বলেন। সুরক্ষা ও নিরাপত্তার বিষয়ে আলোচনা করেন। কোনো রকম অসুবিধা হচ্ছে কিনা জানার চেষ্টা করেন। পুলিশ প্রশাসনের সহযোগিতা পাচ্ছে কিনা জানার চেষ্টা করেন ।পথ চলতি মহিলা,ছাত্রী, চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মীদের কোনো রকম সমস্যার সম্মুখীন হলে মহিলা উইনার্স টিম এর সদস্যাদের ফোন করে জানানোর অনুরোধ করেন। মহিলা উইনার্স টিম এর ফোন নম্বর দেন ।এর পাশাপাশি মহিলা সুরক্ষা ও নিরাপত্তার জন্য স্থানীয় থানার ফোন নম্বর ও দেন প্রত্যেককে। মহিলা উইনার্স টিম এর সদস্যরা বলেন, কোনো সমস্যার সম্মুখীন হলে তৎক্ষণাৎ মহিলা উইনার্স টিম ও স্থানীয় থানায় জানাবেন, যাতে করে মহিলা উইনার্স টিম ও স্থানীয় থানার প্রশাসন দ্রুততার সঙ্গে মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করতে পারে। আমতা গ্রামীণ হাসপাতালের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী থেকে শুরু করে স্কুল - মহাবিদ্যালয়ের ছাত্রীরা এবং সাধারণ মানুষ, মহিলারা এই উদ্যোগকে সাধুবাদ জানান। আমতা থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ অজয় সিং বলেন, " নিরাপত্তার দিক থেকে যাতে কোনো রকম ত্রুটি না থাকে সেই দিকে বিশেষ ভাবে লক্ষ্য রাখা হবে " । তিনি সকলকে অনুরোধ করে বলেন, যে কোনো রকম সমস্যায় থানার সঙ্গে যোগাযোগ করুন। সাধারণ মানুষের পাশে আমতা থানার কর্তৃপক্ষ সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সর্বদা নজর রাখে ' । মহিলা উইনার্স টিম এর প্রতিনিধিরা আমতার বিভিন্ন জায়গা পরিদর্শন করায় এবং আমতা থানার এই উদ্যোগে সকলেই প্রশংসা করেন।

# দল ভাঙার আশঙ্কা

**কলকাতা: নিউজ সারাদিন :** কলকাতায় শিক্ষানবিশ চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য সমস্যা হয়ে দাঁড়িয়েছে। মমতা, যিনি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে হৈচৈ করতেন, এখন তিনি নিজেই নিশানায়। এটা শুধু রাজনৈতিক ও প্রশাসনিক ফ্রন্টেই নয় যে মুখ্যমন্ত্রী হিসেবে মমতা তার মেয়াদের অন্যতম বড় চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন।ঘরোয়া ফ্রন্টেও অসুবিধার সম্মুখীন হচ্ছেন মমতা। পুরো বিষয়টি নিয়ে দলটি বিভক্ত বলে মনে হচ্ছে। তৃণমূলের ইতিহাসে এই প্রথম একটি ইস্যুতে বিভক্ত। এসব দেখে প্রশ্ন উঠছে টিএমসি ভাঙবে কি না। যেসব নেতা প্রশ্ন তুলছেন তাদের আলাদা করা হবে।

তৃণমূলের দ্বিতীয় নেতা এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাইপো অভিষেক ব্যানার্জী নিজেই ক্ষুব্ধ বলে জানা গেছে। কলকাতার মামলা সরকার যেভাবে পরিচালনা করেছে তাতে খুশি নন অভিষেক। এমনকি মমতার প্রতিবাদ মিছিলেও অংশ নেননি ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক ব্যানার্জি। রাজনৈতিক মহলে আলোচনা রয়েছে যে কলকাতার মামলা যেভাবে সামাল দেওয়া হয়েছে তাতে খুশি নন অভিষেক। আরজি কর হাসপাতালের অপসারিত অধ্যক্ষকে অবিলম্বে অন্য হাসপাতালে পোস্ট করা, হাসপাতালে ধর্মঘটে বসে থাকা চিকিতসকদের উপর হামলাকারী জনতাকে থামাতে পুলিশের ব্যর্থতা় এই দুটি বিষয়েই অভিষেক ক্ষুব্ধ বলে জানা গেছে।

অভিষেক টিএমসির একজন বড় নেতা, তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়ার প্রশ্নই আসে না, তবে তাকে ছাড়াও যে সমস্ত নেতারা সরকারের বিরুদ্ধে প্রশ্ন তুলেছিলেন তাদের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেওয়া হয়েছিল। রাজ্যসভার প্রাক্তন সাংসদ শান্তনু সেনকে মুখপাত্রের পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। বর্তমান রাজ্যসভার সাংসদ সুখেন্দু শেখর রায় 'ভুল তথ্য' ছড়ানোর জন্য কলকাতা পুলিশের কাছ থেকে একটি নোটিশ পেয়েছেন এবং এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

## বিজেপির ডাকে থানা ঘেরাও
# কর্মসূচি মানিকচকে



**মানিকচক : নিউজ সারাদিন :** থানা ঘেরাও কর্মসূচিকে কেন্দ্র করে ভারতীয় জনতা পার্টির বিশাল মিছিল মানিকচকে। বাংলায় নারী নির্যাতন খুন ধর্ষণ সহ আরজি করের ঘটনার প্রতিবাদে বিজেপি কর্মীদের এরূপ কর্মসূচি বলে খবর। এদিনের কর্মসূচি উপস্থিত ছিলেন দক্ষিণ মালদা বিজেপি সম্পাদক গৌর চন্দ্র মন্ডল, কনভেনার পবিত্র কুমার দাস,মালদা জেলা যুব মোর্চা সম্পাদক সুভাষ যাদব, বিজেপি নেতা অভিজিৎ মিশ্র,যুব মোর্চার সভাপতি সৌরভ রজক সহ অন্যান্য নেতৃত্বরা। কয়েকশো কর্মী সমর্থকদের সাথে নিয়ে মিছিল করে মানিকচক থানার সামনে পৌঁছয় প্রতিবাদ মিছিল। সেখানেই অবস্থান বিক্ষোভ করে প্রতিবাদ জানাতে থাকে। এদিনের কর্মসূচিকে কেন্দ্র করে ছিল বিশাল পুলিশ বাহিনী। করা নিরাপত্তার ঘেরাটপে ঘেরা ফেলা হয়েছিল থানা চত্বর।






## রাস্তা সংস্কারের দাবিতে পথ অবরোধ করে
# বিক্ষোভ পুরাতন মালদায়

**পুরাতন মালদা: নিউজ সারাদিন :** রাস্তা সংস্কারের দাবিতে পথ অবরোধ করে বিক্ষোভ পুরাতন মালদায়। শুক্রবার সকাল আনুমানিক দশটা নাগাদ পুরাতন মালদা ব্লকের ভাবুক অঞ্চলের আটমাইলের কুমরাপচা এলাকায় পথ অবরোধ করে বিক্ষোভ দেখালেন সংশ্লিষ্ট এলাকার মানুষজনেরা। তাদের একটাই দাবি রাস্তা পাকা হয়। ঘটনা ক্রমে জানা গেছে বিগত বহু বছর ধরে সংশ্লিষ্ট এলাকার প্রায় ৭০০ মিটার রাস্তা রয়েছে বেহাল এবং সেই রাস্তা সংস্কারের দাবিতে বিক্ষোভে শামিল সংশ্লিষ্ট এলাকার মানুষজনেরা। বাসের ব্যারিকেড দিয়ে রাস্তা বন্ধ করে বিক্ষোভ দেখাতে থাকেন তারা। বিভিন্ন দপ্তরে জানানো সত্ত্বেও হয়নি কোন সুরাহা। অবশেষে বাধ্য হয়ে তারা পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। তাদের কাতর আবেদন প্রশাসন যাতে দৃষ্টি আকর্ষণ করুক এবং রাস্তাটি সংস্কার যাতে করা হয়।






# পাঁচ দিন ব্যাপী একটি আলোচনা সভা ও কর্মশালা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কল্যাণী বিশ্ববিদ্যালয়ে Ministry of Environment Forest and Climate Change Gi দপ্তর EIACP RP র পরিচালনায় ভারত সরকারের মিশন LiFE কে জনপ্রসারী করে তুলতে গতকাল ২২ আগস্ট থেকে শুরু হলো পাঁচ দিন ব্যাপী একটি আলোচনা সভা ও কর্মশালা।

নামাঙ্কিত জাতীয় আলোচনা সভাটিতে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত ছিলেন ভারত সরকারের সরাষ্ট্র মন্ত্রকের অর্থনীতি বিভাগের ডিরেক্টর শ্রী অভিষেক আচার্য্য মহাশয়। এছাড়াও উপস্থিত ছিলেন একই বিভাগের রিসার্চ অফিসার শ্রী রাহুল ভাটিয়া মহাশয়। নদীয়া, মুর্শিদাবাদ, পুরুলিয়া, বাঁকুড়া, উত্তর চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা ও হুগলি জেলা থেকে আগত বিভিন্ন পেশায়

এরপর ৩ পাতায়

**ত্রিপুরায় ভয়াবহ বন্যায়**

## এখনো পর্যন্ত ১৯ জনের মৃত্যু, উদ্ধারকাজে নেমেছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** প্রবল বৃষ্টিতে ভয়াবহ বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে ত্রিপুরায়। জানা গেছে বৃহস্পতিবার প্রবল বৃষ্টিতে ধস নেমে একইসঙ্গে দুই পরিবারের সাতজনের মৃত্যু হয়েছে। আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে ত্রিপুরায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি চলবে। ত্রিপুরার আটটি জেলায় রেড এলার্ট জারি করা হয়েছে। গত চার দিন ধরে টানা বৃষ্টিতে ত্রিপুরার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। খোয়াই, ধোলাই, উত্তর, দক্ষিণ এবং পশ্চিম ত্রিপুরায় নদীর জল বিপদ সীমার ওপর দিয়ে বইছে। একাধিক নদীর জল বেড়ে গিয়ে এক ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়েছে। বিঘা বিঘা চাষের জমি জলের নিচে চলে গেছে।এক পরিসংখ্যানে বলা হয়েছে অন্তত ১৭ লক্ষ মানুষ বন্যার কারণে বিপর্যস্ত হয়েছে। এই ভয়াবহ বন্যার ফলে ধস নেমে বহু ঘর বাড়ি জলের তলায় চলে গেছে। এই পরিস্থিতিতে উদ্ধার কার্যের জন্য জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী অংশ নিয়েছে। বিমান বাহিনীর সদস্যরা বন্যা বিপর্যস্ত এলাকায় খাবার এবং ত্রাণ সামগ্রী পৌঁছে দিচ্ছে।

ত্রিপুরার গোমতী জেলা বন্যার ফলে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যা পরিস্থিতি এতটাই ভয়াবহ আকার ধারণ করেছে রাজ্যটির বিভিন্ন প্রান্তে ৪৫০টির বেশি ত্রাণ শিবির করে তুলতে হয়েছে। এই সমস্ত ত্রান শিবিরে ৬৫ হাজার ৪০০ জন দুর্গত মানুষ আশ্রয় নিয়েছেন।প্রবল বৃষ্টির কারণে ত্রিপুরায় বারবার ধস নামছে এর ফলে রাজ্যটিতে বিপদ ক্রমশ বাড়ছে। রাজ্যের একাধিক জায়গায় টেলি যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়েছে। বন্যার কারণে ত্রিপুরার সমস্ত স্কুল কলেজ ট্রেন পরিসেবা বন্ধ করা হয়েছে। আবহাওয়া দপ্তর এখনো পর্যন্ত কোনো আশার খবর শোনাতে পারেনি। বরং আবহাওয়া দপ্তরের তরফ থেকে বলা হয়েছে শনিবার পর্যন্ত রেড অ্যালার্ট জারি থাকবে শুক্রবারও ভারী বৃষ্টি হবে। ইতিমধ্যে বন্যার কারণে ১৯ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। মৃতের সংখ্যা আরো বাড়তে পারে। ত্রিপুরার মুখ্যমন্ত্রী জানিয়েছেন বন্যায় মৃতদের পরিবারকে চার লক্ষ টাকা দেওয়া হবে।

১-ম পাতার পর

## ২৭ অগস্টের নবান্ন অভিযানে হস্তক্ষেপ করল না কলকাতা হাই কোর্ট

মামলাটি করেন আইনজীবী দেবরঞ্জন বন্দ্যোপাধ্যায়। শুনানিতে সেই মামলার আবেদন খারিজ করে দেওয়া হয়েছে। মামলাকারীর তরফে প্রশ্ন করা হয়, তবে কি কর্মসূচিতে সবুজ সঙ্কেত দিচ্ছে আদালত? ডিভিশন বেঞ্চ জানায়, কর্মসূচির বিষয়ে তারা হস্তক্ষেপ করবে না।রাজ্যের অভিযোগ ছিল, নবান্ন অভিযানের জন্য পুলিশের কাছ থেকে কোনও অনুমতি নেওয়া হয়নি। পুলিশের অনুমতি ছাড়া এই ধরনের কর্মসূচি কী ভাবে আয়োজন করা যায়, সেই প্রশ্নও আদালতে তোলা হয়েছিল। নবান্ন অভিযানের কর্মসূচিতে বিরোধী রাজনৈতিক দলগুলি যোগ দিতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছিল রাজ্য। ফলে কর্মসূচিকে কেন্দ্র করে অশান্তির আশঙ্কাও করা হয়েছিল। কিন্তু আদালত এতে হস্তক্ষেপ করতে চায়নি। রাজ্যের তরফে আদালতে জানানো হয়, এই ধরনের মিটিং-মিছিল কিংবা প্রতিবাদ কর্মসূচি নিয়ে রাজ্যের একটি নির্দেশিকা রয়েছে। তা পালন করা দরকার। নবান্ন, রাজভবনের মতো স্পর্শকাতর জায়গায় সাধারণত কর্মসূচির অনুমতি দেয় না পুলিশ। রাজ্যের আবেদন ছিল, পুলিশের অনুমতি নিয়ে বিকল্প জায়গায় কর্মসূচি করার নির্দেশ দিক আদালত। একইসঙ্গে আগামী ২৭ অগস্ট ইউজিসির পরীক্ষার কথাও আদালতে উল্লেখ করে রাজ্য। মামলাকারীর তরফে জানানো হয়, অতীতে নবান্নের সামনে বিভিন্ন কর্মসূচিতে বার বার অশান্তি হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে এই কর্মসূচিতেও। কিন্তু আদালত এই কর্মসূচিতে হস্তক্ষেপ করবে না বলে জানায়। প্রতিবাদ কর্মসূচি সংক্রান্ত নির্দেশিকা নিয়ে হলফনামা রাজ্যকে দিতে বলা হয়েছে। পরবর্তী শুনানির দিন হলফনামা জমা দিতে হবে।

১-ম পাতার পর

## মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুন: অভিযুক্তের হয়ে আদালতে সওয়াল করছেন কবিতা

সিভিক ভলান্টিয়ারকে গ্রেফতার করেছিল কলকাতা পুলিশ।আপাতত আরজি কর-কাণ্ডের মূল অভিযুক্ত তিনিই। আইন অনুযায়ী অভিযোগকারীর মতো বিচার পাওয়ার সমান অধিকারী অভিযুক্ত। এমনকি, অভিযুক্ত তাঁর পক্ষে সওয়াল করার জন্য আইনজীবীও পেতে পারেন। তাঁর বিরুদ্ধে যত জঘন্য অপরাধেরই অভিযোগ থাক, নিয়মের ব্যত্যয় হওয়ার উপায় নেই। সেই নিয়মে রাজ্য সরকারের লিগাল এড কাউন্সিল সিস্টেমের তরফে ওই দায়িত্ব দেওয়া হয়েছে কবিতাকে।

শুক্রবার শিয়ালদহ কোর্টে আরজি করের অভিযুক্তের হয়ে সওয়াল করেন তিনি। কোনও অস্বস্তি হয়নি? জানতে চাওয়া হয়েছিল কবিতার কাছে। জবাবে কবিতা বলেছেন, "আমার কাছে এটা একটা কাজ। লিগাল এডের আইনজীবী হিসাবে আমি বাকি মামলায় যেমন কাজ করি, এ ক্ষেত্রেও আইন মেনে সেই কর্তব্য পালন করছি এবং করব।" আরজি করের মহিলা চিকিৎসককে ধর্ষণ এবং খুনের মামলায় কোনও আইনজীবী অভিযুক্তের হয়ে মামলা লড়তে চাননি। আরজি কর মামলার প্রথম শুনানির দিন আদালতে তাঁর হয়ে সওয়াল করতে উপস্থিতও হননি কেউ। যে অভিযুক্তের হয়ে কেউ আইনি লড়াইয়ে নামতে রাজি নন, তাঁর জন্য এক মহিলা আইনজীবীকে মনোনীত করা কি সচেতন সিদ্ধান্ত? আনন্দবাজার অনলাইন এই প্রশ্ন করেছিল লিগাল এড ডিফেন্স কাউন্সিল সিস্টেমের প্রধান সৌরভ বন্দ্যোপাধ্যায়কে। তিনি বলেন, "আমাদের কাছে আইনজীবী দেওয়ার অনুরোধ এসেছিল। আগের দিন অভিযুক্তের হয়ে সওয়াল করার জন্য কোনও আইনজীবী ছিলেন না বলে আদালত থেকেই ওই নির্দেশ আসে। আমি নিজেও ওই মামলার দায়িত্বে রয়েছি। তবে সহকারী হিসাবে বেছে নিয়েছি কবিতা সরকারকে। তিনিই শিয়ালদহে অভিযুক্তের হয়ে সওয়াল করছেন।"

১-ম পাতার পর

## বন্যা নিয়ে যা প্রচার হচ্ছে, তা দুঃখজনক', বললেন মহম্মদ ইউনূস

ধরে বিপুল বৃষ্টি হয়েছে। তারই জেরে প্লাবিত হয়েছে বাংলাদেশের বিস্তীর্ণ অঞ্চল। ভারত ডুম্বুর বাঁধের জল ছাড়ায় বাংলাদেশে বন্যা হয়েছে-- এই তথ্য অসত্য বলেই বলছে সংশ্লিষ্ট মহল।বাংলাদেশে বেনজির বন্যা। বানভাসি সেদেশের ৬ জেলা। কুমিল্লা, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, নোয়াখালি ও মৌলভিবাজার। এইসব জেলার ৪৩টি উপজেলা বন্যাপ্লাবিত। এই অঞ্চলে মোট ১ লাখ ৮৯ হাজার ৬৬৩টি পরিবার জলবন্দি হয়ে পড়েছে। সব মিলিয়ে ১৭ লাখ ৯৬ হাজার ২৪৮ জন ক্ষতিগ্রস্ত!

এদিকে এই বন্যার জন্য যখন বাংলাদেশের অন্তবর্তী সরকারের অন্যতম উপদেষ্টা মহম্মদ নাহিদ ইসলাম, তখন ঢাকায় ভারতের হাইকমিশনার প্রণয় বর্মার সঙ্গে বৈঠক করলেন অন্তবর্তী সরকারের প্রধান মহম্মদ ইউনূস। সূত্রে খবর, স্রেফ বন্যা পরিস্থিতিই বয়, বৈঠকে দু'দেশের যৌথ নিরাপত্তা, বাণিজয়, এবং সর্বোপরি দ্বিপাক্ষিক সুস্পর্ক বজায় রাখার উপর জোর দেওয়া হয়েছে। বৈঠক শেষে ইউনুসের প্রেস সচিব শফিকুল আলম জানান, 'দু দেশের সম্পর্ক অটুট রাখতে ইতিমধ্যেই পদক্ষেপ করা হয়েছে। এবং কূটনৈতিক দিক থেকে সবরকম সহায়তা করা হয়েছে'।

# নেপালে ভয়াবহ বাস দুর্ঘটনা

## এখনো পর্যন্ত ১৪ জনের মৃত্যু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৪০ জন যাত্রী নিয়ে নেপালে নদীতে পড়ে গেল ভারতীয় বাস। এই দুর্ঘটনায় এখনো পর্যন্ত ১৪ জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। আহতদের চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

দুর্ঘটনার ফলে ১৪ জনের মৃত্যু হয়েছে। দুর্ঘটনার পর জীবিত অবস্থায় ১৬ জন যাত্রীকে উদ্ধার করা সম্ভব হয়েছে। আহতদের স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছে। নেপালের তনহুঁ জেলায় মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। জানা গেছে নেপালের পোখরা থেকে নেপালের রাজধানী কাঠমান্ডুর উদ্দেশ্যে বাসটি যাচ্ছিল। সেখানেই শুক্রবার দুপুরে মারশিয়াংড়ি নদীতে বাসটি পড়ে গিয়ে এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। বাসটিতে সকলেই ভারতীয় যাত্রী ছিলেন বলে জানা গেছে। তনহুঁ জেলার ডিএসপি দীপ কুমার রায়া জানান, দুর্ঘটনার কবলে পড়া বাসটির নম্বর UPFT 7623। অর্থাৎ উত্তর প্রদেশের বাস। ভারতীয় এই বাসটি উত্তরপ্রদেশ থেকে নেপালে গিয়েছিল। ইতিমধ্যেই সেখানকার প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। মৃত এবং আহতদের পরিচয় এবং অন্যান্য তথ্য জানার চেষ্টা করা হচ্ছে। তবে নেপাল পুলিশ অনুমান করছে সম্ভবত বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে পড়ে যেতে পারে। সবকিছুই খতিয়ে দেখা হচ্ছে। অন্যদিকে জানা গেছে উত্তরপ্রদেশের প্রশাসনিক আধিকারিকরা নেপাল যাচ্ছেন। সেখানে তারা সবকিছু খতিয়ে দেখবেন।

উত্তরপ্রদেশের এক সরকারি আধিকারিক এ প্রসঙ্গে জানিয়েছেন এই বাসে রেজিস্ট্রেশন নাম্বার খতিয়ে দেখা হচ্ছে বাসের মালিক এবং কারা সেই বাছে করে ঘুরতে গিয়েছিলেন তাও খতিয়ে দেখা হবে।

এই দুর্ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য তৈরি হয়েছে। জোর কদমে চলছে উদ্ধার কাজ। নেপাল পুলিশের তরফে নিখোঁজ ব্যক্তিদের খোঁজ করার জন্য বিভিন্ন জায়গায় তল্লাশি চলছে। উদ্ধার কার্যের জন্য নেপাল ডিজাস্টার ম্যানেজমেন্টের টিম ঘটনাস্থলে পৌঁছে গেছে। জানা গেছে দুর্ঘটনস্থল সম্পূর্ণভাবে ঘিরে রাখা হয়েছে।

বাসটি কিভাবে নদীতে পড়ে গেল সেই বিষয়ে সঠিক তথ্য এখনো পর্যন্ত জানা যায়নি। তবে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন দুর্ঘটনার সময় নদীতে ব্যাপক স্রোত ছিল আর সেই স্রোতেই ভেসে গেছে। প্রসঙ্গত উল্লেখ্য গত কয়েক মাসে নেপালে পরপর বাস দুর্ঘটনা ঘটেছে।

২ পাতার পর

## পাঁচ দিন ব্যাপী একটি আলোচনা সভা ও কর্মশালা

যুক্ত মানুষদের নিয়ে গঠিত ২০ টি দল, যারা দীর্ঘদিন ধরে পরিবেশ বান্ধব উপকরণকে কুটির শিল্প ও হস্তশিল্পের অনুসারী করে তুলছেন, তারা নিজেদের সম্ভার নিয়ে উক্ত অনুষ্ঠানে যোগদান করেন। এছাড়াও বিভিন্ন জেলা থেকে আগত ১৫ টি বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে একটি বিজ্ঞান মডেল প্রদর্শনী ও প্রতিযোগিতা অনুষ্ঠানটিতে আলাদা মাত্রা এনে দেয়।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. দেবাংশু রায় , এই দপ্তরের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. কৌশিক মন্ডলের ভুয়সী প্রশংসা করে বলেন- উচ্চশিক্ষাকে জনমুখী বিভিন্ন প্রকল্পে যুক্ত করার এই অভিনব উদ্যোগ বিশ্ববিদ্যালয়ের কাছে গৌরবের। কারণ যেকোনো শিক্ষাকে যতক্ষন না পর্যন্ত বইয়ের বাইরে এনে সামাজিক স্তরে মানুষের উপকারে ব্যবহারিক প্রয়োগে না আনা যাচ্ছে, ততক্ষন পর্যন্ত শিক্ষার প্রকৃত বাস্তবায়ন হয়না। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের EIACP RP এর সারা বছর ব্যাপী কর্মকান্ড গুলিকেও তিনি সকল অতিথি ও ছাত্র ছাত্রী গবেষকদের মধ্যে তুলে ধরেন।

পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে আসা চাষী, মৎসজীবী, হস্তশিল্পী, কুটিরশিল্পী, বিদ্যালয়ের ছাত্র ছাত্রী ও কলেজ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া গবেষক - এই সকল প্রকার মানুষদের একটি ছাতার তলায় এনে বিশ্ববিদ্যালয়ের এই প্রকৃত জনমুখী, জনকল্যানকর উদ্যোগ বিভিন্ন মহলে সাড়া ফেলেছে। সর্বস্তরের মানুষদের একত্র করে ভারত সরকারের মিশন LiFE কে সর্বজনবিদিত ও জনসচেতনতা বাড়াতে আগামী দিনে আরো এমন অনেক অনুষ্ঠানের পরিকল্পনা রয়েছে বলে জানান অধ্যাপক কৌশিক মন্ডল।

**ঝুলন্ত অবস্থায় তিনজনের**

## দেহ উদ্ধার ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়াল অশোকনগরে

**বারাসত: নিউজ সারাদিন :** সন্তান-সহ স্বামী-স্ত্রীর দেহ উদ্ধার হল ঘর থেকে। শুক্রবার দুপুর নাগাদ ঝুলন্ত অবস্থায় তিনজনের দেহ উদ্ধার ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়াল অশোকনগরের নবপল্লি এলাকায়। প্রাথমিক অনুমান, মেয়েকে নিয়েই আত্মঘাতী হয়েছে ওই দম্পতি। কিন্তু কী কারণে এমন সিদ্ধান্ত, তা নিয়ে পুরোপুরি ধনেদ প্রতিবেশীরা।প্রতিবেশী ভবতোষ পাণ্ডে, বলাই দে-রা বলছেন, এই পরিবার খুব মিশুকে। কোনও অশান্তি ছিল না। তবে তাঁদের ঋণ ছিল। যদিও তা মাসে মাসে শোধ করে দিতেন দীপক। এমনই জানাচ্ছেন প্রতিবেশীরা। কিন্তু আজকের ঘটনা একেবারেই অপ্রত্যাশিত বলে জানাচ্ছেন সকলে। একজন জানালেন, সকালে দীর্ঘক্ষণ বাড়ির দরজা বন্ধ দেখে তাঁরা ডাকতে গিয়েছিলেন। দেখেন, ভিতর থেকে দরজা বন্ধ। দরজা ভেঙে ঢোকার পর তিনজনকে ঝুলন্ত অবস্থায় দেখে আঁতকে ওঠেন সকলে। খবর পেয়ে অশোকনগর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে। গোটা পরিবার এভাবে শেষ হয়ে যাওয়ায় মর্মাহত প্রতিবেশীরা।সকলেরই এক বক্তব্য, পরিবারে কোনও অশান্তি ছিল না। তাহলে আত্মহত্যার নেপথ্যে কি অন্য কোনও কারণ? তদন্তে নেমেছে অশোকনগর থানার পুলিশ। অনেকে আবার এই ঘটনার সঙ্গে দিল্লির বুরারি কাণ্ডের তুলনা করছেন। যেখানে এক পরিবারের ছজন একসঙ্গে আত্মহত্যা করেছিলেন।অশোকনগরের নবপল্লি এলাকায় প্রায় ৬ বছর ধরে বাস দীপক রায়ের পরিবারের। বছর তেতাল্লিশের দীপকবাবু একটি প্লাইউড কারখানায় কাজ করতেন। স্ত্রী প্রিয়া ও ১০ বছরের মেয়ে মিষ্টিকে নিয়ে সংসার। মোটের উপর ভালোই কাটছিল দিন। পরিবারে কোনও অশান্তি ছিল না। কিন্তু শুক্রবার সকালে তাঁদের বাড়ি থেকে উদ্ধার হল তিনজনের ঝুলন্ত দেহ । গলায় ফাঁস দেওয়া অবস্থায় তিনজনকে দেখতে পান প্রতিবেশীরা। সকলেই হতবাক। খবর দেওয়া হয় পুলিশে। ঘটনাস্থলে গিয়ে পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পুলিশ সূত্রে খবর, মৃত দীপক রায়, প্রিয়া রায় ও মিষ্টি রায়। দীপক ও প্রিয়ার মেয়ে মিষ্টি। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, মেয়েকে মেরে দম্পতি আত্মঘাতী হয়েছেন।

# আর জি কর কাণ্ডে চুঁচুড়ায় পথ অবরোধ করে বিক্ষোভ মিছিল করলেন আইনজীবীরা




**হুগলি: নিউজ সারাদিন :** গত ৮ আগস্ট মধ্যরাতে কলকাতার নামকরা আরজি কর হাসপাতালে এক মহিলা চিকিৎসককে ধর্ষণ করে খুন করা হয়। ১৫ দিন অতিক্রান্ত এখনো পর্যন্ত আসল কোন দোষী গ্রেপ্তার হলো না। তদন্তে রয়েছে সিবিআই শুধুমাত্র সন্দীপ ঘোষ কে জিজ্ঞাসাবাদের জন্য প্রতিদিন ডাকা হচ্ছে সিজিও কমপ্লেক্সে। মহিলা চিকিৎসক কে ধর্ষণ করে খুন করার প্রতিবাদে আসল খুনিকে গ্রেপ্তারের দাবিতে সিবিআই এবং রাজ্য সরকারের বিরুদ্ধে এইবার পথে নামল হুগলি জেলা চুঁচুড়া আদালতের সকল আইনজীবীরা। শুক্রবার দুপুরে চুঁচুড়া ঘড়ি মোড় প্রাঙ্গণে প্রতিবাদ মিছিল দেখিয়ে এবং ঘড়ির মোড় চত্বর অবরোধ করে থাকেন। দোষীদের শাস্তির দাবিতে আইনজীবীদের এই পথ অবরোধে স্তব্ধ হয়ে গেল চুঁচুড়া শহর প্রাণকেন্দ্র ঘড়ির মোর।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৩১ সংখ্যা ২৪ আগস্ট, ২০২৪ শনিবার ০৭ ভাদ্র, ১৪৩১

## বন্যা দুর্গত ত্রিপুরার

### জনসাধারণকে সহায়তার জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রাজ্য বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে কেন্দ্রীয় অংশের অগ্রিম ৪০ কোটি টাকা প্রদান করেছে

**নয়াদিল্লি,২৩ অগাস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** ত্রিপুরার বন্যা দুর্গত জনসাধারণকে সহায়তার জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার রাজ্যকে অগ্রিম ৪০ কোটি টাকা প্রদান করেছে। এই অর্থ রাজ্য বিপর্যয় মোকাবিলা তহবিলের কেন্দ্রীয় সরকারের অংশ। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ বলেছেন, "ত্রিপুরায় বন্যা দুর্গত জনগণকে সহায়তার জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার রাজ্যকে অগ্রিম ৪০ কোটি টাকা প্রদান করেছে। এই অর্থ রাজ্য বিপর্যয় মোকাবিলা তহবিলের কেন্দ্রীয় সরকারের অংশ। রাজ্য সরকারকে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর ১১টি দল, সেনাবাহিনীর তিনটি কলাম এবং বিমান বাহিনীর ৪টি হেলিকপ্টার ইতোমধ্যেই সহায়তা করছে। পরিস্থিতি যাই হোক না কেন, ত্রিপুরায় আমাদের বোন ও ভাইয়েরা সংকটের এই মূহুর্তে উপলব্ধি করছেন যে, মোদী সরকার কাঁধে কাঁধ মিলিয়ে তাঁদের সঙ্গে কাজ করছে।

## সম্পাদকীয়

### বিতর্ক যতই থাক জনপ্রিয়তায় কম যান না উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ

বিতর্ক যতই থাক জনপ্রিয়তায় কম যান না উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। লাগাতার তৃতীয়বার দেশের জনপ্রিয় মুখ্যমন্ত্রীর তকমা পেলেন তিনি। সম্প্রতি সংবাদমাধ্যম ইন্ডিয়া টুডের 'মুড অফ দ্য নেশন'-এর সমীক্ষা অনুযায়ী দেশের ৩৩ শতাংশের বেশি মানুষ যোগীকে দেশের সেরা মুখ্যমন্ত্রী হিসেবে মনে করেন।পাশাপাশি নরেন্দ্র মোদির পর কে হতে পারেন প্রধানমন্ত্রীর উত্তরসূরি? সে রিপোর্টও প্রকাশ্যে এনেছে ইন্ডিয়া টু-ডে মুড অফ দ্য নেশন সমীক্ষা। যেখানে দেখা যাচ্ছে, বিজেপির অন্দরে মোদির উত্তরসূরি হিসাবে সবার চেয়ে এগিয়ে বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এই মুহূর্তে বিজেপি সমর্থকদের মধ্যে ২৫ শতাংশ মানুষ মনে করছেন মোদির উত্তরসূরি হিসাবে শাহই শ্রেষ্ঠ। শাহর পর মোদির উত্তরসূরি হিসাবে বিজেপি সমর্থকদের দ্বিতীয় পছন্দ উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। ১৯ শতাংশ বিজেপি সমর্থক মনে করছেন, মোদির উত্তরসূরি হতে পারেন যোগী আদিত্যনাথ। ১৩ শতাংশ মানুষ মনে করছেন, নরেন্দ্র মোদির উত্তরসূরি হতে পারেন সড়ক ও পরিবহণ মন্ত্রী নীতীন গড়করি। মোদির উত্তরসূরি হিসাবে শিবরাজ সিং চৌহান এবং রাজনাথ সিংকে পছন্দ করছেন প্রায় ৫ শতাংশ করে মানুষ।তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল।

সেরা মুখ্যমন্ত্রী কে তা জানতে দেশজুড়ে ৩০ টি রাজ্যের ১.৩৬ লক্ষ মানুষের উপর সমীক্ষা চালিয়েছিল 'মুড অফ দ্য নেশন'। যেখানে দেশের ৩৩ শতাংশের বেশি মানুষ মনে করছেন যোগী আদিত্যনাথই সেরা। তবে তালিকায় দ্বিতীয় স্থানে থাকলেও দেশের মাত্র ১৩.৮ শতাংশ মানুষ অরবিন্দ কেজরিওয়ালকে মুখ্যমন্ত্রী হিসেবে পছন্দ করেন। এই তালিকায় তৃতীয় স্থানে রয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দেশের ৯.১ শতাংশ মানুষ মমতাকে মুখ্যমন্ত্রী হিসেবে পছন্দ করেন। চতুর্থ স্থানে রয়েছেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন। ৪.৭ শতাংশ মানুষ তাঁকে মুখ্যমন্ত্রী হিসেবে চান। এবং পঞ্চম স্থানে জায়গা পেয়েছেন সদ্য মুখ্যমন্ত্রী হওয়া অন্ধ্রপ্রদেশের চন্দ্রবাবু নাইডু। ৪.৬ শতাংশ মানুষ তাঁর পক্ষে ভোট দিয়েছেন। এছাড়াও এই তালিকায় যথাক্রমে রয়েছেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার, মহারাষ্ট্রের একনাথ শিন্ডে, কর্নাটকের সিদ্দারামাইয়া, অসমের হিমন্ত বিশ্বশর্মা, উত্তরাখণ্ডের পুষ্কর সিং ধামী।তালিকায় যোগী আদিত্যনাথকে শীর্ষে রাখার পিছনে মানুষের দাবি, যোগী আদিত্যনাথ আসার পর গত সাড়ে সাত বছরে উত্তরপ্রদেশের আইনশৃঙ্খলার ব্যাপক উন্নতি হয়েছে। অপরাধীদের বিরুদ্ধে কড়া হাতে পদক্ষেপ নিয়েছেন তিনি। যদিও আইনের চোখে এই কড়া পদক্ষেপ বার বার বিতর্কের কেন্দ্রে উঠে এসেছে। বেলাগাম এনকাউন্টার, অপরাধীর সম্পত্তি বাজেয়াপ্ত করা, অভিযুক্তের বাড়িতে বুলডোজার চালানোর মতো একাধিক নীতির কড়া সমালোচনা করেছে সুপ্রিম কোর্ট। তবে বাস্তবে সেই নীতিতেই জনপ্রিয়তার শিখরে উঠেছেন যোগী।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

জঙ্গলের দেবী বনবিবি অন্যদিকে জঙ্গলের সর্প সম্পদের দেবী মা মনসা। দেবী মনসা কে ? মা মনসার ধ্যান মন্ত্র অনুসারে- ওঁ দেবীমম্বামহীনাং শশধরবদনাং চারুকান্তিং বদন্যাস্ । হংসারূঢ়মুদারামসু ললিতবসনাং সর্বদাং সর্বদৈব ।। স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কনকমণিগণৈর্মুক তয়া চ । প্রবালৈর্বন্দেহ হং সাষ্টনাগামুরুকু চগলাং ভোগিনীং কামরূপাস্ ।। ( এর অর্থ- সর্প দিগের মাতা, চন্দ্র বদনা, সুন্দর কান্তি বিশিষ্টা, বদন্যা, হংস বাহিনী, উদার স্বভাবা , লোহিত বসনা , সর্বদা সর্ব অভিষ্ট **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(সপ্তম পর্ব)



সঙ্গে তাঁদের দারুণ দহরম-মহরম। সেই সখ্যকে আরও পোক্ত করতেই সম্ভবত তাঁদের কলকাতায় বাস করার সিদ্ধান্ত। ওই তিন ভাইয়ের একজন প্যারীলাল মণ্ডল। স্নান করতে গিয়েছিলেন আদিগঙ্গায়। সেখানেই জলের তলায় পান রাধাকৃষ্ণের মূর্তি। জল থেকে তুলে এনে সেই মূর্তি প্রতিষ্ঠার জন্য জমিদারির দশ বিঘা জমির ওপর তৈরি হয় মন্দির। সেই মন্দিরের স্থাপত্যে ছিল ওই নবরত্ন শৈলী। মন্দিরের মাথায় তিন ধাপে নয়টি চূড়া। প্যারীলালরা রাধাকৃষ্ণ মন্দির চত্বরেই নির্মাণ করেছিলেন শিবমন্দির। নয়টি। মন্দির তৈরি হয়েছিল ১৮৪৭ সালে। দক্ষিণেশ্বর মন্দির নির্মাণের আট বছর আগে। জানবাজারের রাজবাড়ির মেয়ে, রাসমণির প্রপৌত্রী, নগেন্দ্রবালার বিয়ে হয় মণ্ডল পরিবারে। সেই সূত্রে রানির রাসমন্দিরে যাতায়াত। তখনই তাঁর হয়তো মনে ধরেছিল ওই স্থাপত্যশৈলী। মনে বাসা বেঁধেছিল নবরত্ন কালীমন্দিরের বিপরীতে বারোটা শিবমন্দির তৈরির ভাবনা। তবে শিবমন্দিরের নির্মাণশৈলী আলাদা। সেগুলোতে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## ভগিনী নিবেদিতার নিজ হাতে তৈরী বিবেকানন্দ সোসাইটি

# ১২২ বছর ধরে স্মৃতি বহন করে চলেছে




**বেবি চক্রবর্ত্তী: কোলকাতা : নিউজ সারাদিন :** চিত্তে পূর্ণ স্মৃতি স্বামীজির, সাধনার ছবি জপমালা প্রাণে ..দিবানিশি হে ভারতবর্ষ তুমি স্বর্গ তুমি জননী। প্রেমের হৃদয়ে ত্যাগ মন্ত্রে দীক্ষা লয়ে। গুরুপাদ পদ্মতলে তোমার সে পূণ্য ব্রতে মনোরথে চির দীপ্তি... হোমানল অগ্নিশিখা তিনি ভগিনী নিবেদিতা। যেন চোখের জলের কালী দিয়া না লিখলে সে লেখা সম্পূর্ণ হয় না। ১৯০২ সাল ৪ঠা জুলাই স্বামীজীর পার্থিব জীবনের শেষ দিন -----সেই দিন স্বামী সারদানন্দের লেখা ঐতিহাসিক চিঠি ভগিনী নিবেদিতাকে.......

My dear Nibedita, The end has come.Swamiji has slept last night at nine.Never to rise again.
Yours faithfully ,
Swami Saradananda...।

স্মরণীয় দিন ২৩ শে আগষ্ট ১৯০২ সাল। বিশ্ববরেণ্য সর্বত্যাগী সন্ন্যাসী স্বামী বিবেকানন্দ মাত্র কিছু দিন হল জগতের মায়াবন্ধন ছিন্ন করে স্বধামে ফিরে গেছেন, রেখে গেলেন তাঁর মানসকন্যাকে বিস্তর দায়িত্বের বিশাল বোঝা কাঁধে চাপিয়ে। সেই সময় ভগিনী নিবেদিতা ভারতবর্ষ তথা বিশ্বের সর্বপ্রথম বিবেকানন্দের নামাঙ্কিত স্মৃতি মন্দির সম্বলিত সোসাইটি তৈরি করেন। রামকৃষ্ণ ভাবান্দোলনে সংসারীদের জন্য নিবেদিতা গড়ে দিলেন এক অতুলনীয় গৃহী সংঘের। মাথার উপর বেলুড়মঠের অপার মার্গদর্শন ও সাহচর্য নিয়ে সংসারী যোদ্ধাদের ভগবতচর্চা কেন্দ্র। ৩৬৫ দিন ননষ্টপ পাঠচক্র এবং ভাষা শিক্ষা কেন্দ্র। কম্পিউটার ট্রেনিং সেন্টার। অফুরন্ত প্রাচীন গ্রন্থভাণ্ডারের বিশাল লাইব্রেরি। ধ্যান কক্ষ সমেত ঠাকুরের মন্দির। আজ ১২২ বছরে পা দিল এই পবিত্র অধ্যাত্ম সেবা সংস্থা ভগিনী নিবেদিতার।

## বিশেষভাবে সঙ্কটাপন্ন আদিবাসী গোষ্ঠী (পিভিটিজি) প্রধান এলাকাগুলিতে

# সরকারি প্রকল্পগুলির ১০০ শতাংশ সম্পৃক্তির লক্ষ্যে পিএম-জনমন অভিযান সংক্রান্ত জ্ঞাপন-শিক্ষণ এবং সংযোগ অভিযান চলবে ২৩ অগাস্ট থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত

**নতুন দিল্লি, ২৩ অগাস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রকের উদ্যোগে, দেশের ১৯৪টি জেলায় বিশেষভাবে সঙ্কটাপন্ন আদিবাসী গোষ্ঠী (পিভিটিজি) প্রধান এলাকায় পিএম-জনমন অভিযান সংক্রান্ত জ্ঞাপন-শিক্ষণ এবং সংযোগ অভিযান (ইনফরমেশন এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন - আইইসি) এবং সুবিধাপ্রাপক সম্পৃক্তি শিবির কর্মসূচি চলছে ২৩ অগাস্ট থেকে ১০ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত।

কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রী শ্রী জুয়াল ওরাম এবং প্রতিমন্ত্রী শ্রী দুর্গাদাস উইকে গতকাল পিএম-জনমন প্রকল্পের আওতায় চলা প্রকল্পগুলির কাজকর্ম এবং আজ থেকে শুরু হওয়া বিশেষ প্রচারাভিযানের প্রস্তুতি খতিয়ে দেখেন। উল্লেখ্য, জনজাতি গৌরব দিবসে (১৫ নভেম্বর, ২০২৩) ঝাড়খণ্ডের কুন্তি জেলা থেকে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পিএম-জনমন অভিযানের সূচনা করেন।

গত বছর ১০০টি জেলায় এই ধরনের জ্ঞাপন-শিক্ষণ এবং সংযোগ অভিযানের আওতায় ছিল ১৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত আন্দামান ও নিকোবরের প্রায় ৫০০টি ব্লকের ১৫,০০০ বিশেষভাবে সঙ্কটাপন্ন আদিবাসী অধ্যুষিত অঞ্চল। এবছর পরিধি আরও বাড়ানো হয়েছে আওতায় থাকছেন ১৯৪টি জেলা ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০.৭ লক্ষ পিভিটিজি পরিবার এবং ৪৪.৬ লক্ষ মানুষ। ২৮,৭০০ পিভিটিজি প্রধান এলাকায় ১৬,৫০০ গ্রাম, ১৫,০০০ গ্রাম পঞ্চায়েত এবং ১০০০ তালুক জুড়ে এই অভিযান চলবে। যেসব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এই কর্মসূচি রূপায়িত হচ্ছে, তার মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, ঝাড়খণ্ড, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, গুজরাট, কর্ণাটক, কেরালা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, তামিলনাড়ু, তেলঙ্গনা, উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ।

পিএম-জনমনের আওতায় চলা প্রকল্পগুলির পরিষেবা প্রান্তিকতম এলাকায় বসবাসরত পিভিটিজি পরিবারগুলির কাছে যাতে ঠিকভাবে পৌঁছয় তা নিশ্চিত করা এই কর্মসূচির লক্ষ্য। মূলত, হাট-বাজার, সাধারণ পরিষেবা কেন্দ্র, গ্রাম পঞ্চায়েত, অঙ্গনওয়াড়ি, বহু উদ্দেশ্যসাধক কেন্দ্র, বন্ধন বিকাশ কেন্দ্র, কৃষি বিজ্ঞান কেন্দ্রে এই উপলক্ষ্যে বিশেষ সচেতনা অভিযানের আয়োজন করা হচ্ছে। এতে সামিল হবেন মাইভারত স্বেচ্ছাসেবক, নেহরু যুবকেন্দ্র, কৃষি বিজ্ঞান কেন্দ্র, এনএসএস, এনসিসি, স্বনির্ভর গোষ্ঠী ও কৃষক উৎপাদক সংগঠনের প্রতিনিধিরা।

এই কর্মসূচির আওতায় পিভিটিজি পরিবারগুলির হাতে পৌঁছে দেওয়া হবে আধার কার্ড, জনজাতি শংসাপত্র, অরণ্য অধিকার আইনের আওতায় পাট্টা ইত্যাদি। জনধন অ্যাকাউন্ট সংক্রান্ত নথিও তুলে দেওয়া হবে তাদের হাতে। কারণ, বিভিন্ন প্রকল্পের সুবিধা পাওয়ার ক্ষেত্রে এইসব নথি অত্যন্ত জরুরি।

আদিবাসীদের ভাষায় পিএম-জনমন কার্ড বিতরণ করা হবে এই অভিযান চলাকালীন। আয়োজন করা হবে সুবিধাপ্রাপক সম্পৃক্তি শিবির এবং স্বাস্থ্য শিবিরের। জোর দেওয়া হবে সিকল সেল রোগ পরীক্ষায়। সচেতনতার প্রসারে স্থানীয় ও আদিবাসী ভাষায় তৈরি প্যামপ্লেট, ভিডিও ইত্যাদি ব্যবহার করা হবে। পিএম-জনমন সংক্রান্ত বার্তা নিয়ে তৈরি হবে দেওয়াল চিত্র। বিভিন্ন ধরনের বৃত্তি, মাতৃত্বকালীন সুবিধা, কিষান ক্রেডিট কার্ড, কিষান সম্মান নিধি বাবদ অর্থ পাওয়ার ক্ষেত্রে যাতে এদের কোনো অসুবিধা না হয়, তা নিশ্চিত করা হবে জরুরি ভিত্তিতে। প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্রও সহজে পেয়ে যাবেন এরা।

সমগ্র কর্মসূচির সঙ্গে যুক্ত থাকবেন রাজ্য ও জেলাস্তরের আধিকারিকরা। এছাড়াও আদিবাসী বিষয়ক গবেষণা প্রতিষ্ঠানগুলিকেও সামিল করা হবে এই কাজে। পিএম-জনমন প্রকল্পের লক্ষ্য হলো সকলের পাকা বাড়ি, প্রতি পরিবারে নলবাহিত জল, গ্রামে গ্রামে পাকা রাস্তা, প্রতি পরিবারে বিদ্যুৎ, ছাত্রাবাস, কৌশল বিকাশ কেন্দ্র, ভ্রাম্যমান চিকিৎসা দল, পুষ্টি, উন্নত জীবিকার বিষয়গুলি নিশ্চিত করা। মূলত ৯টি ক্ষেত্রে জোর দেওয়া হচ্ছে এই প্রকল্পে। এজন্য ২০২৩-২৪ থেকে ২০২৫-২৬ অর্থবর্ষে ২৪,১০৪ কোটি টাকা বাজেট বরাদ্দ ধরা হয়েছে।

# সিনেমার খবর

cinema TV

## হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভিক্টর ব্যানার্জি




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি টলিউডের বর্ষীয়ান অভিনেতা ভিক্টর ব্যানার্জি। শোনা যাচ্ছে, মাইল্ড হার্ট অ্যাটাক করেছেন তিনি, যে কারণে হাসপাতালে ভর্তি করা হয় তাকে।

পশ্চিমবঙ্গের সংবাদমাধ্যম সংবাদ প্রতিদিন জানিয়েছে, হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার পর এই তারকার শারীরিক পরীক্ষা করা হয়েছে। তাঁর হার্টে ব্লকেজ ধরা পড়েছে।

সূত্রের বরাতে সংবাদমাধ্যমটি জানিয়েছে, আপাতত কয়েকটা দিন হাসপাতালেই কাটাতে হবে ভিক্টরকে। প্রথমে তাকে আইসিইউতে রাখা হয়েছিল। পরে জেনারেল বেডে দেওয়া হয়। চিকিৎসকরা নিয়মিত তার শারীরিক অবস্থার খেয়াল রাখছেন। এখন অভিনেতার শারীরিক অবস্থা স্থিতিশীল।

উল্লেখ্য, এর আগে, দুইবার করোনায় আক্রান্ত হয়েছিলেন এই বর্ষীয়ান অভিনেতা। দ্বিতীয়বার করোনার দোসর ছিল ডেঙ্গু। সেই সময় ১০৩ জ্বর ছিল তার। রক্ত পরীক্ষা করা হলে ডেঙ্গুর কথা জানা যায়।

## হাসপাতালে ভর্তি অভিনেতা মোহন লাল



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অসুস্থ হয়ে পড়ায় হাসপাতালে ভর্তি করা হয়েছে মালায়ালাম সিনেমার বরেণ্য অভিনেতা মোহন লালকে। শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ে কোচির অমৃতা ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়েছে তাকে।

ভারতীয় একাধিক গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, ৬৪ বছর বয়সি মোহনলালের উচ্চমাত্রায় জ্বর, শ্বাস কষ্ট এবং মাসল পেইন রয়েছে। ধারণা করা হচ্ছে, শ্বাসযন্ত্রে ইনফেকশন রয়েছে। পাঁচ দিনের ওষুধ, পূর্ণ বিশ্রাম এবং জনাকীর্ণ স্থান এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, গুজরাটে 'এল টু' সিনেমার শুটিং করছিলেন মোহনলাল। সেখানে থেকে কোচিতে ফেরার পর অসুস্থ হয়ে পড়েন। তার শারীরিক অবস্থা আরো খারাপ ছিল। এখন তাকে পর্যবেক্ষণ রাখা হয়েছে, ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন মোহনলাল।



## এবার ওটিটিতে আসছে 'কল্কি'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এবার ওটিটিতে আসছে ব্লকবাস্টার ছবি 'কল্কি ২৮৯৮ এডি'। এদিকে ছবিটির হিন্দি সংস্করণ খুব শীঘ্রই দেখা যাবে নেটফ্লিক্সে। সঙ্গে অন্যান্য ভাষার সংস্করণ আসছে অ্যামাজন প্রাইম ভিডিওতে। শোনা যাচ্ছে, আগামী ২২ আগস্ট ওটিটিতে মুক্তি পেতে চলেছে 'কল্কি ২৮৯৮ এডি'। শনিবার এই ঘোষণাই করেছে দুই স্ট্রিমিং প্ল্যাটফর্ম।

নেটফ্লিক্স তাদের প্ল্যাটফর্মে ছবি মুক্তির কথা প্রকাশ করে লেখে, 'যুগের সবচেয়ে বড় ব্লকবাস্টার আসতে চলেছে নেটফ্লিক্সে। ২২শে আগস্ট দেখুন 'কল্কি ২৯৮৯ এডি' এর হিন্দি সংস্করণ।'

অ্যামাজন প্রাইম ভিডিও ঘোষণা করেছে, আগামী ২২ আগস্ট অ্যামাজন প্রাইম ভিডিওতে আসছে 'কল্কি ২৮৯৮ এডি'। পরে ছবিটির তামিল, কন্নড় এবং মালায়লাম ভাষায় ডাব করা সংস্করণ এবং তার আসল তেলেগু ভাষায় এই প্ল্যাটফর্মে স্ট্রিম করা হবে।

নাগ অশ্বিন পরিচালিত, 'কল্কি ২৮৯৮ এডি' দারুণভাবে ভারতীয় পৌরাণিক কাহিনীর সঙ্গে বৈজ্ঞানিক কল্পকাহিনীকে মিশ্রিত করে নির্মিত হয়েছে। চলচ্চিত্রটিতে রয়েছে একগুচ্ছ কলাকুশলীরা যার মধ্যে রয়েছেন প্রভাস, দীপিকা পাড়ুকোন এবং অমিতাভ বচ্চন। এছাড়াও ছবিতে রয়েছেন দিশা পাটানি, ব্রহ্মানন্দম, শাশ্বত চ্যাটার্জি, রাজেন্দ্র প্রসাদ, কমল হাসান সহ আরও অনেকে।

## প্রতিবাদ করায় অভিনেতা রুদ্রনীল ঘোষ গ্রেফতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টালিউড অভিনেতা ও বিজেপি নেতা রুদ্রনীল ঘোষকে গ্রেফতার করেছে পশ্চিমবঙ্গ পুলিশ। কলকাতার আরজি কর কাণ্ডের প্রতিবাদে রাজপথে নামায় গ্রেফতার হয়েছেন তিনি। পুলিশের গাড়িতে উঠেই একটি ভিডিও ধারণ করে সেটি ফেসবুকে পোস্ট করে নিজেই নিশ্চিত করেছেন কলকাতার জনপ্রিয় এই অভিনেতা। ভারতীয় সংবাদমাধ্যম টিভি নাইনের প্রতিবেদন অনুযায়ী, শুক্রবার কলকাতার শ্যামবাজার মোড় থেকে রুদ্রনীলকে আটক করা হয়। আরজি কর হাসপাতালে জুনিয়র চিকিৎসক ধর্ষণ ও হত্যার প্রতিবাদে রাজনৈতিক দল বিজেপি ২ ঘণ্টার প্রতীকী অবস্থানের প্রতিবাদ করতে চেয়েছিল। কিন্তু বিজেপির প্রতিবাদ শুরুর আগেই গেরুয়া শিবিরের ধর্ণা মঞ্চ ভেঙে দেয় পুলিশ।

এতে বিজেপির নেতা ও লালবাজার থানা পুলিশের সঙ্গে কথা কাটাকাটি শুরু হয়। একপর্যায়ে অভিনেতা রুদ্রনীলসহ বেশ কয়েকজনকে আটক করে পুলিশ। এদিকে আটক হওয়া অবস্থাতেই রুদ্রনীল পুলিশের প্রিজন ভ্যান থেকে ফেসবুক ভিডিও বার্তায় জানান, ভারতীয় জনতা পার্টির প্রতিবাদের কথা ছিল শুক্রবার। একইদিন কালচারাল সেলের পক্ষে অভিনয়শিল্পীরাও প্রতিবাদে নামেন। কিন্তু রাস্তা জ্যামের অজুহাত দিয়ে মারধর করে প্রতিবাদীদের আটক করা হয়।

উল্লেখ্য, ভারতের কলকাতায় আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুন করা হয়। নিজ কর্মস্থলে নিরাপত্তা না থাকায় এ ঘটনা ঝড় তুলেছে ভারতীয় নাগরিক ও টালিপাড়ার তারকাদের হৃদয়ে। এ ঘটনার প্রতিবাদে এই মুহূর্তে উত্তাল সারা ভারত।

## চিকিৎসককে ধর্ষণ: সৌরভ গাঙ্গুলিকে নিয়ে যে মন্তব্য করলেন স্বস্তিকা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের আরজি কর হাসপাতালে চিকিৎসককে ধর্ষণ ও হত্যাকাণ্ডে বিতর্কের মুখে পড়েছেন কলকাতার 'মহারাজা' সৌরভ গাঙ্গুলি। চিকিৎসক হত্যাকাণ্ডের ঘটনায় সৌরভ বলেছেন, 'আরজি কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে যে ঘটনা ঘটেছে, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এই ঘটনায় যে বা যারা যুক্ত আছে, তাদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেয়া উচিত, যাতে দোষীদের কঠোর শাস্তি দেওয়া যায়। সব জায়গায় নিরাপত্তা ব্যবস্থা মজবুত করা উচিত। আরজি করে যে রকম ঘটনা ঘটেছে, তা যেকোনো জায়গায় ঘটতে পারে।'

তবে আবার সৌরভ এটাও বলেছেন, 'একটি ঘটনা দিয়ে পশ্চিমবঙ্গকে সার্বিকভাবে বিচার করা উচিত নয়। এতে রাজ্যের মহিলাদের নিরাপত্তা বিঘ্নিত হয়েছে এমনটাও ভাবার দরকার নেই। রাজ্য হিসেবে পশ্চিমবঙ্গ ভালো। পশ্চিমবঙ্গ-সহ ভারতের সর্বত্র নারীদের সুরক্ষা আছে। পৃথিবীর বিভিন্ন প্রান্তে এরকম ঘটনা ঘটছে। যাতে এরকম ঘটনা বন্ধ করা যায়, তা নিশ্চিত করতে হবে।'

নাম না নিয়েই সৌরভকে কটাক্ষ করেছেন স্বস্তিকা। বললেন, সৌরভ গাঙ্গুলির 'দাদাগিরি' শো-তে তিনি কোনওদিন যাননি। আর কখনও যাবেনও না। সৌরভের প্রতিক্রিয়ার জবাবে ফেসবুকে স্বস্তিকা লেখেন, 'আমি কোনোদিন দাদাগিরিতে যাইনি। যাওয়া হয়নি। আর কোনোদিন যাব না। অ্যাক্সিডেন্টালি যাব না সেটা নয়। নিজের ইচ্ছেতেই যাব না।'

এরপরই অভিনেত্রী লেখেন, 'ধর্ষণ, খুন কোনও অ্যাক্সিডেন্ট নয়। এটা কোনো বিচ্ছিন্ন ঘটনা তো নয়ই। আর আমাদের সুন্দর দেশে কোনও বয়সের মেয়েরাই সেফ নয়। কোনো রাজ্যেই নয়। এই দুই কাজু রেপ এবং খুন ইচ্ছাকৃত। যারা করেছে, যারা করে তারা ইচ্ছে করে করেছে / করে। জেনে বুঝে করেছে /করে! যাদের এখনও ঘুম ভাঙেনি, তাদের আর ভাঙবে না। আমাদের প্রিয় আইকন, আপনি এই হিংসাত্মক ঘটনাকে তুচ্ছ করে না দেখলেই পারতেন।'

এর আগে সৌরভকে উদ্দেশ্য করে অভিনেত্রী শ্রীলেখা বলেন, 'সরি টু সে সৌরভ, আমি সত্যিই দুঃখিত তোমাকে মানুষ দাদাগিরি, ক্রিকেট, মহারাজা আসনে বসিয়েছেন। তুমি এটাকে একটা বিচ্ছিন্ন ঘটনা বলছো!' এই অভিনেত্রী আরও বলেন, 'এইসব সোহম হর্লিক্সের পার্টি, তারা বলছে- পুলিশ আছে বলেই শহরে মেয়েরা সুস্থ আছে। এই মানুষগুলোকে চেনার এটা মোক্ষম সময় হয়ে গেছে। যে মানুষগুলোকে আমরা উপরে রেখেছি, তারা মানুষ বলার যোগ্য নয়। তাদের টেনে নিচে নামিয়ে আনা উচিত।'

## দিনে চার-পাঁচ ঘণ্টার বেশি ঘুমাননা শাহরুখ!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** যখন অন্য মানুষেরা ঘুম থেকে ওঠেন, ঠিক সে সময় ঘুমাতে যান বলিউড কিং শাহরুখ খান। শুধু তাই নয়, তিনি খাবার খান মাত্র একবেলা! শাহরুখের এমন অনিয়মিত লাইফস্টাইলের পেছনে দায়ী তার কর্মব্যস্ততা। অবশ্যই অন্যদের মত শুয়ে পড়ে কাটাননা শাহরুখ। শুটিং এর বাইরে থাকলেও বিভিন্ন কাজে ব্যস্ত থাকায় ঠিকমত বিশ্রামটাও জোটে না কিং খানের। সম্প্রতি সংবাদমাধ্যমে এমনটিই জানালেন তিনি। তবে কী নিয়ে এত ব্যস্ততা শাহরুখের?

সংবাদ মাধ্যম দ্য গার্ডিয়ানকে নিজের লাইফস্টাইল সম্পর্কে শাহরুখ জানান, তিনি দুপুর দুই টায় বাড়ি ফেরেন। কিন্তু, বাড়ি ফিরলেও ব্যস্ততা তাকে ঘিরে ধরে। সব কাজ শেষ হতে হতে তার ঘুমানোর সময় হয় ভোর ৫টায়, আবার উঠে পড়েন সকাল ৯-১০টার মধ্যে। অর্থাৎ, দিনে চার-পাঁচ ঘণ্টার বেশি ঘুমাননা তিনি।

শাহরুখের কথায়, '৫৫ বছর বয়সে আমি একবার বিশ্রাম নিয়েছিলাম। আর সেটা মহামারীর সময়, কারণ আমার আর কিছু করার ছিল না। এ সময় আমি সবাইকে বলছিলাম, ইতালিয়ান রান্না শিখুন আর শরীর চর্চা করুন। আর আমি ওয়ার্কআউটে মন দিতাম।'

এরপরই শাহরুখ বলেন, 'আমি সাধরণত ভোর পাঁচটায় ঘুমাতে যাই। মার্ক ওয়াহলবার্গ (মার্কিন অভিনেতা যিনি খুব ভোরে ওঠেন) উঠলে, আমি ঘুমাতে যাই। তারপর আমি প্রায় ৯টা-১০টা পর্যন্ত ঘুমাই। এরপর আমি শুটিংয়ে যাই। এরপর দুপুররে বাড়ি ফিরি। তারপর স্নান করে ব্যায়াম করি।'

উল্লেখ্য, সম্প্রতি লোকার্নো ফিল্ম ফেস্টিভ্যালের ৭৭তম আসরে লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড 'পার্দো আল্লা ক্যারিয়ারা' বা 'ক্যারিয়ার লেপার্ড'-এ ভূষিত হয়েছেন শাহরুখ খান। লোকার্নো চলচ্চিত্র উৎসবের শৈল্পিক পরিচালক জিওনা এ নাজারোর সঙ্গে কথোপকথনের সময় তিনি নিজের ক্যারিয়ার এবং অর্জন নিয়ে কথা বলেছেন।

## অপূর্ণতা পূরণে
# ছুটিতে কামিন্স



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জয়কালে ক্ষয় নেই। প্যাট কামিন্সের ব্যাপারটা অনেকটা সেরকমই! অস্ট্রেলিয়ার অধিনায়ক হওয়ার পর থেকেই ক্ষিপ্রগতিতে ছুটছেন, জয় করছেন সামনে যা পাচ্ছেন। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ, ওয়ানডে বিশ্বকাপ জিতেছেন অধিনায়কের দায়িত্ব পেয়ে। সদস্য হিসেবে জিতেছেন টি-টোয়েন্টি বিশ্বকাপ। এখন লাগাম লাগিয়েছেন আরেকটি অপূর্ণতার পেছনে। বোর্ডার-গাভাস্কার ট্রফি জেতা হয়নি অজি পেসাদের। এর জন্য ইংল্যান্ড সফরে না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। ৮ সপ্তাহের জন্য ছুটি নিয়েছেন বোর্ড থেকে।

ঘরের মাঠে ভারতের কাছে টানা দুটি বোর্ডার-গাভাস্কার ট্রফিতে হেরেছে অস্ট্রেলিয়া। ২০১৮-১৯ ও ২০২০-২১ সালে সিরিজ হারা অস্ট্রেলিয়া নভেম্বরে শুরু হতে যাওয়া সিরিজে যেকোনো মূল্যেই জিততে চান কামিন্স। গুরুত্বপূর্ণ সেই সিরিজের আগে নিজেকে পুরো ফিট আর সতেজ হিসেবে মাঠে চান কামিন্স।

ফক্স স্পোর্টসকে কামিন্স বলেছেন, 'বিশ্রাম কাটিয়ে ফেরা সবাই একটু সতেজ থাকে। প্রায় ১৮ মাস আগে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল থেকে আমি টানা বোলিং করে যাচ্ছি। তাই শরীরকে ঠিক অবস্থায় ফিরিয়ে আনতে সাত থেকে আট সপ্তাহের জন্য বোলিং থেকে সম্পূর্ণ বিশ্রাম আমার জন্যই ভালোই হবে।' বিশ্রামটা কীভাবে কাজে লাগবে, সেই ব্যাখ্যাও দিয়েছেন কামিন্স, 'এর (বিশ্রামের) মানে এটাই যে আপনি একটু বেশি লম্বা সময় ধরে বোলিং করতে পারবেন। গতি নিয়ন্ত্রণ করতে সহজ হবে এবং এটা আপনার চোটের ঝুঁকি কমাবে।'

# ভারতের সঙ্গে এক যুগের হিসেব মেলাতে চায় অস্ট্রেলিয়া



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের সঙ্গে ১০ বছরের পুরোনো 'হিসাব মেটানোর' অপেক্ষায় নাথান লায়ন। এতে তার বড় একটা শক্তি হতে যাচ্ছে ইংলিশ স্পিনার টম হার্টলির কাছ থেকে পাওয়া তথ্য। বছরের শেষে ভারতের সঙ্গে পাঁচ ম্যাচের বোর্ডার-গাভাস্কার ট্রফিতে মুখোমুখি হবে অস্ট্রেলিয়া। দুদলের সর্বশেষ চারটি দ্বিপক্ষীয় সিরিজেই জিতেছে ভারত। অস্ট্রেলিয়ার শেষ জয়টি ২০১৪-১৫ মৌসুমে। দেশের মাটিতেও সর্বশেষ দুটি সিরিজই ভারতের কাছে হেরেছে অস্ট্রেলিয়া। ফলে বর্তমান দলের অনেকেরই ভারতের বিপক্ষে সিরিজ জয়ের কোনো স্মৃতি নেই।

সর্বশেষ ২০২০-২১ মৌসুমে অস্ট্রেলিয়ার বিপক্ষে ঐতিহাসিক জয় পায় ভারত। সেবার অ্যাডিলেডে ৩৬ রানে অলআউট হয়ে ১-০-তে পিছিয়ে পড়েছিল ভারত। এরপর চোট ও অন্যান্য কারণে প্রায় দ্বিতীয় সারির দল খেলাতে হলেও অস্ট্রেলিয়ার বিপক্ষে দুর্দান্ত এক সিরিজ জেতে তারা। এর মধ্যে অস্ট্রেলিয়া গত বছর ওভালে আইসিসি ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ভারতকে হারালেও দ্বিপক্ষীয় সিরিজ জিততে না পারার ক্ষতটা রয়েই গেছে। লায়নও মনে করিয়ে দিয়েছেন সেটি, '১০ বছরের অপূর্ণ এক হিসাব আসলে। অনেক দিন হয়ে গেছে। আর আমি জানি, এবার বিশেষ করে ঘরের মাঠে এটি বদলাতে আমরা বেশক্ষুধার্ত।'

টেস্ট ইতিহাসের সফলতম অফ স্পিনারের তালিকায় দুইয়ে থাকা লায়ন এরপর যোগ করেছেন, 'ভুল বুঝবেন না, ভারত সত্যিকারের তারকাঠাসা দল, খুবই কঠিন। তবে এবার ফলটা বদলাতে আমি অনেকক্ষুধার্ত। এবার যাতে ট্রফিটা ফিরে পাই।' গত কয়েক বছরে নিজেদের পরিবর্তনের কথাও উল্লেখ করেছেন লায়ন, 'মনে হচ্ছে কয়েক বছর আগের দলের থেকে ভিন্ন একটি দল আমরা। আমরা একটা স্মরণীয় অস্ট্রেলিয়ান ক্রিকেট দল হওয়ার পথে আছি। অবশ্যই আমরা (চূড়ায়) পৌঁছাতে পারিনি। কিন্তু আমরা সেই পথে আছি এবং বেশ ভালো ক্রিকেট খেলছি।'

সে পথে ভারতকে টপকানো নিশ্চিতভাবেই অস্ট্রেলিয়ার বড় একটি চ্যালেঞ্জ। লায়ন তাঁদের প্রশংসাও করেছেন। বিশেষ করে বিশ্বমানের খেলোয়াড় খুঁজে পাওয়ার ক্ষেত্রে তাঁদের কৃতিত্ব দিয়েছেন এই ৩৬ বছর বয়সী স্পিনার। এ ক্ষেত্রে যশস্বী জয়সোয়ালের কথা উল্লেখ করেছেন লায়ন। তবে তাঁকে মোকাবিলায় পাওয়া সহায়তার কথাও জানিয়েছেন। লায়ন জানেন, পরের অ্যাশেজে এমন কিছু ইংল্যান্ডের বিপক্ষেও কাজে লাগাতে হতে পারে। তবে আপাতত ভারতকে ঘিরেই পরিকল্পনা তার। হার্টলির সঙ্গে আলোচনা কাজে লাগবে কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেছেন, 'যে পরিকল্পনার কথা আমরা আলোচনা করেছি, সেগুলো বাস্তবায়িত হলে তো অবশ্যই কাজে লাগবে।'

# হঠাৎ কেন বার্সা ছাড়তে চান জার্মান তারকা?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জার্মান মিডফিল্ডার ইলকাই গুনদোয়ান এক মৌসুম আগে ম্যানচেস্টার সিটি থেকে বার্সেলোনায় যোগ দিয়েছিলেন। স্প্যানিশ জায়ান্টদের সঙ্গে তার চুক্তির মেয়াদ দুই বছর হলেও, এখনই নাকি তিনি ক্লাব ছাড়তে চাচ্ছেন। ঠিক কী কারণে তার এই চাওয়া সেটি জানা না গেলেও, নতুন কোচ হ্যান্সি ফ্লিকের সঙ্গে কোনো বিষয় থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। এ বিষয়ে কথা বলেছেন বার্সেলোনার এই জার্মান কোচও।

স্প্যানিশ সংবাদমাধ্যম 'স্পোর্ত' এক প্রতিবেদনে বলছে, গুনদোয়ান তার ক্লাব ছাড়তে চাওয়ার কথা বার্সেলোনা কর্তৃপক্ষকে জানিয়েছেন। বর্তমানে ইউরোপের ক্লাব ফুটবলের গ্রীষ্মকালীন দলবদল চলছে। আর সেই ট্রান্সফার উইন্ডো শেষ হওয়ার আগেই বার্সা ছাড়তে চান এই তারকা মিডফিল্ডার। গতকাল লা লিগায় মৌসুমের প্রথম ম্যাচে খেলেছে বার্সা। তবে ভ্যালেন্সিয়াকে ২-১ গোলে হারানোর ম্যাচে ছিলেন না গুনদোয়ান। বলা হচ্ছে তিনি চোটে পড়েছেন।

সংবাদমাধ্যমের খবর, ৩৩ বছর বয়সী বার্সার জার্মান তারকা তুরস্কের ক্লাবে যাওয়ার জন্য মনস্থির করেছেন। যদিও এখনও কোনো ক্লাবের আনুষ্ঠানিক প্রস্তাব আসেনি গুনদোয়ানের কাছে। জোসে মরিনিয়োর ক্লাব ফেনারবাখ কিংবা তুর্কি জায়ান্ট গ্যালাতাসারে আছে সেই তালিকায়। এ ছাড়া সৌদি আরবের ক্লাবও জার্মান এই তারকার জন্য আগ্রহ দেখাচ্ছে। এদিকে, গতকালের ম্যাচ শেষে গুনদোয়ানের ক্লাব ছাড়ার গুঞ্জনের বিষয়ে প্রশ্ন করা হয় বার্সা কোচের কাছে। জবাবে ফ্লিক বলেছেন, 'আমার মনে হয় সে (গুনদোয়ান) বার্সা ছাড়তে চাচ্ছে। আইব্রোতে চোট পাওয়ায় সে আজকে মাঠের বাইরে ছিল, সে নিজ বাড়িতে অবস্থান করছে। আমি ইলকাইয়ের সঙ্গে কথা বলেছি, তবে আলোচনা বিষয়টা আমাদের মাঝেই থাকুক।'

## টেস্ট ক্রিকেটের দেড়শ বছর
# পূর্তিতে বিশেষ ম্যাচ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ক্রিকেটের সবচেয়ে পুরনো ও অভিজাত সংস্করণ টেস্ট ক্রিকেট। যা ১৮৭৭ সালে ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার মধ্যকার ম্যাচ দিয়ে শুরু হয়েছিল। ক্রিকেটের এলিট ফরম্যাটটির দেড়শ বছর পূরণ হতে যাচ্ছে ২০২৭ সালে। ইতিহাসের প্রথম টেস্টের মতো শতবর্ষ পূর্তি টেস্টে মুখোমুখি হয়েছিল অস্ট্রেলিয়া-ইংল্যান্ড। এবার দেড়শ বছর পূর্তি উপলক্ষে প্রাচীন টেস্ট খেলুড়ে দল দুটি আবারও মুখোমুখি হতে যাচ্ছে।

ক্রিকেটের দুই সুপার পাওয়ারের মধ্যকার ম্যাচটি হবে ঐতিহাসিক মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে (এমসিজি)। ১৮৭৭ সালে এই মেলবোর্নেই ইতিহাসের প্রথম টেস্টে মুখোমুখি হয়েছিল অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড। এরপর ১৯৭৭ সালে টেস্ট ক্রিকেটের শতবর্ষ পূর্তিতেও এমজিসিতেই দুই দল মুখোমুখিক হয়েছিল। কাকতালীয়ভাবে দুটি টেস্টেই ঠিক ৪৫ রানে জিতেছিল অস্ট্রেলিয়া।

অতীতের সেই ধারা বজায় রাখতেই এবার টেস্ট ক্রিকেটের দেড়শ বছর পূর্তি স্মরণীয় রাখার উদ্যোগ নিয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া। ক্রিকেট অস্ট্রেলিয়ার প্রধান নির্বাহী নিক হকলি বলেছেন, 'টেস্ট ক্রিকেটের দেড়শ বছর পূর্তি উপলক্ষে এমজিসিতে দারুণ কিছুই হতে যাচ্ছে। বিশ্বর অন্যতম সেরা এই ক্রীড়াঙ্গনে ক্রিকেটের শীর্ষ ফরম্যাট ঘিরে দুর্দান্ত উদযাপন হবে। আমরা এই ঐতিহাসিক আয়োজনের ক্ষেত্রে অবশ্যই ইংল্যান্ডের জন্য অপেক্ষা করতে পারি না।'

এদিকে বিশেষ এই টেস্ট ম্যাচের জন্য বাংলাদেশের বিপক্ষে সিরিজ আয়োজনের সময় বের করতে হিমশিম খাচ্ছে ক্রিকেট অস্ট্রেলিয়া। আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ সিরিজটি ২০২৭ সালের জুনের মধ্যে শেষ করার বাধ্যবাধকতা আছে। তাই অজি বোর্ড এখন সেই সিরিজের জন্য সময় বের করার চেষ্টা করছে। এর আগে ২০২৫-২৫ মৌসুমে অ্যাশেজ খেলতে অস্ট্রেলিয়ায় যাবে ইংল্যান্ড।

## আন্তর্জাতিক ফুটবলকে
# বিদায় বললেন জার্মান তারকা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ২০১৪ বিশ্বকাপে মাঠে নামা হয়নি। পিঠের ইনজুরিতে বৈশ্বিক এই টুর্নামেন্ট থেকে ছিটকে যান। টিভিসেটের সামনে বসেই হয়তো জার্মানদের বিশ্বকাপ জয়ের উল্লাস দেখেছিলেন। এরপর থেকেই ফর্মহীন ব্রাজিল বিশ্বকাপজয়ী দলটি। তবুও আশার আলো হয়ে পথ দেখাচ্ছিলেন ইলকাই গুন্ডোগান। ঘরের মাঠে ইউরোতে দলের নেতৃত্ব দিয়েছেন। এবার আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানালেন ৩৩ বছর বয়সী এই মিডফিল্ডার।

সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে এক বার্তায় ১৩ বছরের ক্যারিয়ারের ইতি টেনেছেন তিনি। সেখানে গুন্ডোগান লিখেছেন, 'কয়েক সপ্তাহের চিন্তাভাবনার পর আমি সিদ্ধান্ত নিয়েছি যে আমার জাতীয় দলের ক্যারিয়ারের ইতি টানার এটাই সময়।'

এই মিডফিল্ডার যোগ করেন, 'পেছনে ফিরে তাকালে আমার গর্ব হয় যে আমি দেশের হয়ে ৮২টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছি, ২০১১ সালে সিনিয়র জাতীয় দলের হয়ে আমার অভিষেকের সময়ও এই সংখ্যাটা কল্পনা করতে পারিনি।'

সবশেষ ইউরোর পর টনি ক্রুস ও থমাস মুলারের সঙ্গে তিনিও অবসরের তালিকায় নাম তুললেন। আন্তর্জাতিক ক্যারিয়ারে ১৯টি গোল করেছেন এই মিডফিল্ডার। ২০১১ সালে বেলজিয়ামের বিপক্ষে জার্মানির জার্সিতে গুন্ডোগানের অভিষেক হয়েছিল। পিঠের ইনজুরিতে ২০১৪ বিশ্বকাপের পর হাঁটুর চোটে ২০১৬ ইউরোতেও থাকতে পারেননি।

নিজের ক্যারিয়ারের সবচেয়ে উজ্জ্বল পর্ব নিয়ে গুন্ডোগানের ভাষ্য, 'দেশের মাটিতে গত ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে নেতৃত্ব দিতে পারা আমার ক্যারিয়ারের সবচেয়ে উজ্জ্বল পর্ব এবং এটা ছিল বিশাল সম্মানের।'

## সৌদি সুপার কাপে আল-হিলালের বিপক্ষে
# আল-নাসরের বড় পরাজয়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আল-নাসরের কোচ লুইস ক্যাস্ট্রোকে এবার নতুন কৌশল ভাবতেই হবে। আল-হিলালের বিপক্ষে দুর্দান্ত শুরু করেও যেন শেষটা ভুলে যেতে চায় তার দল। সাম্প্রতিক সময়ে দুই দলের পাঁচ মুখোমুখি লড়াইয়ের চারটিতেই পরাজিত আল-নাসর। তবে আজকের হারের স্মৃতি বিশেষভাবে মনে থাকবে রোনালদো এবং তার ভক্তদের মনে।

ম্যাচের প্রথমার্ধে ক্রিশ্চিয়ানো রোনালদোর গোলে এগিয়ে গিয়ে সৌদি সুপার কাপের ফাইনালে আল-নাসর কিছুটা স্বস্তিতে ছিল। তবে দ্বিতীয়ার্ধে আল-হিলাল তাদের ভয়ঙ্কর রূপ দেখিয়েছে। মাত্র ১৭ মিনিটের ব্যবধানে তারা আল-নাসরের জালে ৪টি গোল দেয়, ফলে ৪-১ গোলের হার নিয়ে ফাইনাল থেকে বিদায় নিতে হয় রোনালদোর দলকে। অন্যদিকে, হোর্হে হেসুরের নেতৃত্বে আল-হিলাল গেল মৌসুমে ঘরোয়া ট্রেবলের পর এবারও দুর্দান্ত সূচনা করেছে।

ম্যাচের প্রথম ৪৫ মিনিট ছিল আল-নাসরের দখলে। যদিও বলের নিয়ন্ত্রণে পিছিয়ে ছিল, তবে আক্রমণে তারা ছিল এগিয়ে। এই আধিপত্যের ফল তারা পায় ৪৪ মিনিটে, যখন আব্দুল রহমান ঘারেবের পাস থেকে বক্সের সেন্টার থেকে রোনালদো বাঁ পায়ের শটে গোল করেন। তবে ৫৫ মিনিটে আল-হিলাল সমতা ফেরায় সার্বিয়ান তারকা সার্জ মিলাঙ্কোভিচ-সাভিচের মাধ্যমে, যিনি আলেকজান্ডার মিত্রোভিচের পাস থেকে দুর্দান্ত শটে গোল করেন। এরপর ৬৩ এবং ৬৯ মিনিটে মিত্রোভিচের দুটি গোল আল-হিলালকে এগিয়ে দেয়। ম্যালকমের অ্যাসিস্টে ৭২ মিনিটে চতুর্থ গোলটি করে আল-হিলাল জয় নিশ্চিত করে।

শেষ দিকে আল-নাসর কিছু আক্রমণ চালানোর চেষ্টা করলেও তারা আর কোনো গোল করতে পারেনি। ফাইনাল থেকে ৪-১ গোলের হার নিয়ে বিদায় নিতে হয় রোনালদোর দলকে। এটা তাদের জন্য একটি তিক্ত অভিজ্ঞতা বটে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR